



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, খানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত/২১৩/২০২৪/৪৭

তারিখ: ৩১.০৩.২০২৬ খ্রি.

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের (মাদ্রাসাসহ) আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ এবং ২০২৫-২৬ সেশনের ১১শ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বরসহ শিক্ষার্থীর তথ্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র মাধ্যমে সারাদেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাধারণ স্কুল, কলেজ এবং মাদ্রাসায় ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের ৬২ লক্ষ কম/বেশি শিক্ষার্থীর মাঝে প্রতি বছর প্রায় ২২০০ (দুই হাজার দুইশত) কোটি টাকা অর্থ বিভাগের iBAS++ স্কিমের কারিগরি সহায়তায় বাংলাদেশ ব্যাংকের BEFTN পদ্ধতির মাধ্যমে উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদান করা হয়।

০২। আগামী ০৫/০৪/২০২৬ তারিখে HSP-MIS এ ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ এবং ২০২৫-২৬ সেশনের ১১শ শ্রেণিতে (মাদ্রাসাসহ) শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে এন্ট্রি কার্যক্রম শুরু হবে। ইতোমধ্যে সকল বোর্ডের ২০২৬ সালের ৬ষ্ঠ ও ২০২৫-২৬ সেশনের ১১শ (মাদ্রাসাসহ) শ্রেণি রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকার সফটকপি সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড থেকে এ অফিসে প্রেরণ করা হয়েছে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতায় ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে তাদের রেজিস্ট্রেশন নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার নিমিত্ত ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ২০২৫-২৬ সেশনের ১১শ শ্রেণিতে (মাদ্রাসাসহ) ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরসহ শিক্ষার্থীর তথ্য আগামী ০২/০৪/২০২৬ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন নম্বর ছাড়া কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন শিক্ষার্থীর আবেদন HSP-MIS এন্ট্রি করতে পারবে না।

০৩। বর্ণিত অবস্থায়, ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ এবং ২০২৫-২৬ সেশনের ১১শ শ্রেণিতে (মাদ্রাসাসহ) ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বরের তথ্যাদি আগামী ০২/০৪/২০২৬ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

দু. আ. সিনিয়র সিস্টেম এনালিস্ট

(মোহাম্মদ আসাদুল হক)

স্কিম পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৫৫০০২০৭৩

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল। (তঁার আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির বিষয় নিশ্চিত করার অনুরোধসহ)
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান। (বোর্ড থেকে রেজিস্ট্রেশনের তথ্যাদি সংগ্রহ করার অনুরোধসহ)